

বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের নতুন কার্যকরী পরিষদ



গত ১ জানুয়ারি ২০২২ তারিখ বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের নতুন কার্যকরী পরিষদ ২০২২ গঠিত হয়। কার্যকরী পরিষদে সভাপতি হিসেবে আইন বিভাগের ১৩তম ব্যাচের মাহিয়ান এ কে মাহমুদ এবং সাধারণ সম্পাদক পদে বাংলা বিভাগের ১৪তম ব্যাচের রাসেল আকন্দসহ ১৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়।

এই উপলক্ষে ২৩ জানুয়ারি ২০২২, রবিবার বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের নতুন কার্যকরী পরিষদ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান এর সাথে ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা বিনিময় করেন। এসময় বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের উপদেষ্টা ও একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোঃ আব্দুল মান্নানসহ নতুন কার্যকরী পরিষদের নেতৃত্ব উপস্থিত ছিলেন।